# কুয়েতে মার্কিন ঘাঁটিতে হামলার দাবি আইআরজিসির



ছবি: সংগৃহীত

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) দাবি করেছে, কুয়েতের আলি আল-সালেমে অবস্থিত মার্কিন সামরিক বিমানঘাঁটিতে হামলা চালিয়ে যুক্তরাষ্ট্রের কয়েকটি সামরিক হেলিকপ্টার ধ্বংস করা হয়েছে।

ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ফার্স নিউজ এজেন্সির প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক হামলার জবাবে ‘অপারেশন নাসর-২’-এর অংশ হিসেবে এই অভিযান পরিচালনা করেছে আইআরজিসি।

আইআরজিসির দাবি অনুযায়ী, হামলায় বিমানঘাঁটির দুটি ড্রোন হ্যাঙ্গার এবং একটি উড়োজাহাজের জ্বালানি সংরক্ষণ ট্যাংকে আগুন লাগে। এতে সংশ্লিষ্ট স্থাপনাগুলো ধ্বংস হওয়ার পাশাপাশি ঘাঁটিতে থাকা কয়েকটি সামরিক হেলিকপ্টারও ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়েছে।

তবে আইআরজিসির এ দাবির বিষয়ে এখন পর্যন্ত যুক্তরাষ্ট্র বা কুয়েতের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি। হামলায় প্রকৃত ক্ষয়ক্ষতির তথ্যও স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি।

মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও ইরানের চলমান উত্তেজনার মধ্যেই এই হামলার দাবি সামনে এলো। সাম্প্রতিক সময়ে দুই পক্ষের পাল্টাপাল্টি হামলায় অঞ্চলজুড়ে সামরিক উত্তেজনা আরও বৃদ্ধি পেয়েছে।

LENS ASIA